

খেলা

জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহলিদের।

তবে সেই সফর আবারও পিছিয়ে আগামী বছরের জানুয়ারিতে গড়াতে পারে বলে গুঞ্জন চলছে।

ভারতীয় সংবাদসংস্থা এএনআই-কে দেওয়া এক সাক্ষাৎকারে বিসিসিআই-এর এক দায়িত্বশীল সূত্র নিশ্চিত করেছে, সেপ্টেম্বরের নির্ধারিত সময়সূচি পিছিয়ে আগামী ২০২৭ সালের জানুয়ারিতে সিরিজটি আয়োজনের একটি সম্ভাবনা তৈরি হয়েছে।

বিসিসিআই-এর সেই সূত্র জানিয়েছে, ভারত-বাংলাদেশ সিরিজটি জানুয়ারিতে হওয়ার একটা বড় সুযোগ তৈরি হয়েছে। সরকারের সঙ্গে আলাপ-আলোচনা চলছে, আর বিসিবিও বছরের শুরুতে নতুন সময়ের খোঁজে রয়েছে।

মূলত ২০২৫ সালের আগস্টে ভারতের এই বাংলাদেশ সফরে আসার কথা ছিল। কিন্তু সেই সফর পিছিয়ে ২০২৬ সালের সেপ্টেম্বরে পুনর্নির্ধারণ করা হয়। বিসিবি'র পক্ষ থেকে জানানো হয়েছিল, ঢাকা ও চট্টগ্রামে গড়াবে ৩টি ওয়ানডে ও ৩টি টি-টোয়েন্টি ম্যাচের জমজমাট সিরিজ। বিসিবি ১ থেকে ১৩ সেপ্টেম্বরের মধ্যে হোম সিরিজটি শেষ করার ছক কষেছিল।

তবে এবার বাধ সাধল আফগানিস্তান সিরিজ! আফগানিস্তান ক্রিকেট বোর্ড ইতিমধ্যে ঘোষণা করেছে, ১৩, ১৫ ও ১৭ সেপ্টেম্বর দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে ভারতের মুখোমুখি হবে তারা। একই সময়ে দুই দেশের সঙ্গে সিরিজ খেলা ভারতের জন্য অসম্ভব হয়ে পড়াতেই মূলত নতুন এই সূচি জটিলতার সৃষ্টি।

এ বিভাগের আরও খবর



শ্রীলঙ্কার কাছে হেরে রোজও খোয়াল বাংলাদেশ
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে বেলেতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটন দাস। তবে সেই স্বপ্ন জো পূরণ হয়ইনি, এমন...



এশিয়ান গেমসে আফগানিস্তানকে হারাল নেপাল
এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে আফগানিস্তানকে ৫ উইকেটে হারিয়েছে নেপাল। শুক্রবার জাপানের নিশিনে অনুষ্ঠিত ম্যাচে ১০০ রানের লক্ষ্য তারা ছুঁয়ে ফ...



ব্যালন ডি'অর জয়ী ফুটবলারকে নির্বাচন করা হয় যেভাবে
চলতি বছরের ব্যালন ডি'অর কার হাতে উঠবে, তা নিয়ে ফুটবলবিশ্বে চলছে নানা আলোচনা। পুরস্কার ঘোষণার সময় যত খনিরে
আসছে, ততই সামনে আসছে একটি পুরোনো গ...



নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে
৭১ রানে হারিয়েছে। আগে ব্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/januaryite-bangladeshe-aste-pare-bhart>